

মাদরাসা শিক্ষায় বড় পরিবর্তন, চালু হলো ব্যবসায় শিক্ষা বিভাগ

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১৩ আগস্ট ২০২৫, ২৩:০৬



শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন মাদরাসাগুলোতে দাখিল ও আলিম স্তরে ব্যবসায় শিক্ষা বিভাগ চালু করার সিদ্ধান্ত নিয়েছে সরকার।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

গত ১১ আগস্ট এ নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ থেকে একটি চিঠি পাঠানো হয়েছে মাদরাসা শিক্ষা বোর্ডকে।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সিনিয়র সহকারী সচিব মো. উবায়দুর রহমান সাহেল স্বাক্ষরিত ওই চিঠিতে বলা হয়েছে, উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রে চাহিত নির্দেশনার পরিপ্রেক্ষিতে মাদরাসা শিক্ষা যুগোপযোগীকরণ, সম্প্রসারণ, আধুনিকীকরণ ও প্রয়োজনীয়তা বিবেচনায় দাখিল ও আলিম স্তরে মাদরাসা শিক্ষাপ্রতিষ্ঠানে ব্যবসায় শিক্ষা বিভাগ চালুকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

চিঠিতে বলা হয়েছে, আগামী জানুয়ারি-২০২৬ শিক্ষাবর্ষ থেকেই এ সিদ্ধান্ত বাস্তবায়নকল্পে নিম্নোক্ত নির্দেশনাগুলো প্রতিপালন করা আবশ্যিক।

(ক) পাঠ্যক্রম ও পূর্ণাঙ্গ সিলেবাস প্রণয়ন; (খ) সিলেবাস অনুযায়ী বিষয়ভিত্তিক পাঠ্যপুস্তক নির্ধারণ ও প্রস্তুতকরণ; (গ) আগামী শিক্ষাবর্ষ হতেই ব্যবসায় শিক্ষা চালুর জন্য প্রাথমিকভাবে মাদরাসাসমূহ নির্বাচন; (ঘ) সংশ্লিষ্ট শিক্ষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান; (ঙ) প্রয়োজনীয়তা বিবেচনায় এনটিআরসির মাধ্যমে পর্যাপ্ত শিক্ষক নিয়োগের কার্যক্রম গ্রহণ; (চ) শিক্ষার্থী ভর্তি কার্যক্রম শুরুর উদ্যোগ গ্রহণ।

এতে আরো বলা হয়, এমতাবস্থায়, বর্ণিত নির্দেশাবলী বাস্তবায়নপূর্বক দাখিল ও আলিম স্তরের মাদরাসাসমূহে ব্যবসায় শিক্ষা বিভাগ চালুকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।